# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
জেলা ঃ পঞ্চগড়।
web site- www.panchagarhpaurashava.org
e-mail- mayor.panchagarh@gmail.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ফোন- ০৫৬৮-৬১৩১৪
ফ্যাক্স- ০৫৬৮-৬২৩৫২


স্মারক নং- পঞ্চঃপৌরঃ/UGIIP-III/২-১১৯৬/২০২০-২০২১/৫৯ সি

তারিখ ঃ ০৬/০৯/২০২০ খ্রীঃ।

প্রাপক ঃ সভাপতি,
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি,
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

বিষয় ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা করণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পঞ্চগড় পৌরসভায় ২০১৯-২০২০ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করা প্রয়োজন। এতদলক্ষ্যে, আপনাকে আগামী সেপ্টেম্বর ২০২০ মাসের মধ্যে অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ তৌহিদুল ইসলাম)
মেয়র
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
## পঞ্চগড় ।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/UGIIP-III/২-১১৯৬/২০২০-২০২১/ তারিখ ঃ ১৩/০৯/২০২০ খ্রীঃ ।

প্রাপক ঃ মেয়র
পঞ্চগড় পৌরসভা,
পঞ্চগড় ।

বিষয় ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদন দাখিল প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১০/০৯/২০২০ তারিখে পঞ্চগড় পৌরসভায় ২০১৯-২০২০ অর্থ বছরের প্রাপ্ত আয়-ব্যয়ের বিবরণী এবং খরচ ও জমার ভাউচার এবং হিসাবের প্রয়োজনীয় নথিপত্র যাচাই পূর্বক নিরীক্ষা সম্পন্ন করা হয় ।

এমতাবস্থায়, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দাখিল করা হলো ।

সংযুক্তি ঃ ২০১৯-২০২০ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদন ১ কপি ।

(মোঃ ফজলে করিম)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, ও
কাউন্সিলর, ওয়ার্ড নং-০১
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় ।

পঞ্চগড় পৌরসভা কার্যালয়
পঞ্চগড়।

# নিরীক্ষা প্রতিবেদন

পঞ্চগড় পৌরসভা হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি বিধি বিধান অনুসরণে সম্পন্ন নিরপেক্ষ এবং স্বাধীনভাবে ২০১৯-২০২০ অর্থ বছরের অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। অভ্যন্তরীণ নিরীক্ষার সময় হিসাবের সকল নথি পুঙ্খানুপঙ্খু রুপে যাচাই করা হয়। অভ্যন্তরীণ নিরীক্ষা চলাকালিন সময়ে অত্র পৌরসভার হিসাব বিভাগসহ সংশ্লিষ্ট সকলে উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা করেছেন। 'হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি'র সকল সদস্য অভ্যন্তরীণ নিরীক্ষা চলাকালিন সময়ে সকলে উপস্থিত ছিলেন।

(মোঃ ফজলে করিম)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, ও
কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
পঞ্চগড়।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/UGIIP-III/২-১১৯৬/২০২০-২০২১/ তারিখ ঃ ১০/০৯/২০২০ খ্রীঃ।

## ২০১৯-২০২০ অর্থ বছরের নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সভায় সদস্যগণের উপস্থিতি

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | মোঃ ফজলে করিম,<br>কাউন্সিলর,<br>ওয়ার্ড নং- ০১, পঞ্চগড় পৌরসভা | সভাপতি | |
| ০২. | মোঃ তৌহিদুল ইসলাম,<br>মেয়র,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | সদস্য | |
| ০৩. | মোছাঃ কে,এ দিলখুশা বেগম,<br>কাউন্সিলর,<br>সংঃ আঃ ২, পঞ্চগড় পৌরসভা | সদস্য | |
| ০৪. | শাম্মী আরা হাসনু,<br>কাউন্সিলর,<br>সংঃ আঃ ৩, পঞ্চগড় পৌরসভা | সদস্য | |
| ০৫. | মোঃ ওয়াইছুল করিম,<br>কাউন্সিলর,<br>ওয়ার্ড নং- ৭, পঞ্চগড় পৌরসভা | সদস্য | |
| ০৬. | মোঃ আব্দুল খালেক,<br>হিসাব রক্ষণ কর্মকর্তা,<br>পঞ্চগড় পৌরসভা | সাচিবিক দায়িত্ব পালনকারী | |

# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
## পঞ্চগড়।

### ২০১৯-২০২০ অর্থ বছরে পৌরসভার সকল খাতের আয় ও ব্যয় সংক্রান্ত
### হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ ফজলে করিম, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১, পঞ্চগড় পৌরসভা।
সভার স্থান ঃ পঞ্চগড় পৌরসভা সভা কক্ষ।
সভার তারিখ ঃ ১০/০৯/২০২০ খ্রীঃ।

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও পদবী**

| ক্রঃ নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোঃ ফজলে করিম,কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১, পঞ্চগড় পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত/- |
| ০২. | মোঃ তৌহিদুল ইসলাম, মেয়র, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | সদস্য | ,, |
| ০৩. | মোছাঃ কে,এ দিলখুশা বেগম, কাউন্সিলর, সংঃ আঃ ৩, পঞ্চগড় পৌরসভা | সদস্য | ,, |
| ০৪. | শাম্মী আরা হাসনু, কাউন্সিলর, সংঃ আঃ ৩, পঞ্চগড় পৌরসভা | সদস্য | ,, |
| ০৫. | মোঃ ওয়াইছুল করিম, কাউন্সিলর, ওয়ার্ড নং- ৭, পঞ্চগড় পৌরসভা | সদস্য | ,, |
| ০৬. | মোঃ আব্দুল খালেক, হিসাব রক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা | সাচিবিক দায়িত্ব পালনকারী | ,, |

সভাপতি সাহেব মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য বিষয় ঃ পৌরসভার রাজস্ব, এডিপি, UGIIP-III এর আরপিএ ও জিওবি, গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং জলবায়ু পরিবর্তন জনিত ট্রাষ্ট ফান্ডের প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরের আয়-ব্যয় সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা ঃ পৌরসভার রাজস্ব, এডিপি, UGIIP-III এর আরপিএ ও জিওবি, গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প এবং জলবায়ু পরিবর্তন জনিত ট্রাষ্ট ফান্ডের প্রকল্পের ২০১৯-২০২০ অর্থ বছরের আয়-ব্যয়ের বিপরীতে ক্যাশ বহি, বিল ভাউচার পঞ্চগড় পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আব্দুল খালেক নিরীক্ষার লক্ষ্যে হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি'র নিকট উপস্থাপন করেন। ক্যাশ বহি, বিল ভাউচার নিয়ে কমিটি কর্তৃক নিরীক্ষা করা হয় এবং তা সঠিক থাকায় অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ দাখিলকৃত আয়-ব্যয়ের বিল ভাউচার কমিটির নিকট সঠিক প্রতিয়মান হওয়ায় সর্ব সম্মতিক্রমে তা অনুমোদন করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হলো।

(মোঃ ফজলে করিম )
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/UGIIP-III/২-১১৯৬/২০২০-২০২১/ তারিখ ঃ ১০/০৯/২০২০ খ্রীঃ।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। জনাব ............................................................................ কাউন্সিলর ও সদস্য, সংস্থাপন ও অর্থ এবং হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি।
৩। সকল বিভাগ/শাখা প্রধান, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
৪। অফিস নথি।